দুরাভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা
## মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা
### কোলকাতা : ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং -

তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ৭২
তাং - ৩০।১২।২০২৫

সময়ঃ বেলা ৪.০০ টা
স্থানঃ পৌরসভা সভাকক্ষ

**আলোচ্য বিষয়ঃ**

(১) বিগত সভার (৭০নং) কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৫) নামজারিকরনের অনুমোদন।

(৬) বিবিধ।

**উপস্থিতিঃ**

★ পৌরপ্রধানঃ শ্রী নিমাই ঘোষ

**অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ**

| | |
|---|---|
| ✸ মহঃ নজরুল ইসলাম | ✸ শ্রী সুশান্ত রায় |
| ✸ মাসতুরা সাহানি | ✸ শ্রী কিশোর কুমার রায় |
| ✸ মহঃ জুম্মান আলী | ✸ শ্রীমতী রাধারানী দত্ত |
| ✸ শ্রীমতী মমতা রায় সেন | ✸ শ্রী সুব্রত দাস |
| ✸ শ্রী গোপাল চন্দ্র ঘোষ | ✸ শ্রী প্রহ্লাদ কুমার দত্ত |
| ✸ শ্রীমতী কনিকা দেবনাথ | ✸ শ্রী অলোক সাহা |
| ✸ শ্রী পঙ্কজ কান্তি চন্দ | ✸ শ্রীমতী বৈশালী ব্যানার্জী |
| ✸ শ্রীমতী অনিতা মুখার্জী | ✸ শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত |
| ✸ শ্রীমতী সুমিতা ঘোষ | ✸ শ্রী সঞ্জয় মন্ডল |
| ✸ শ্রী অরবিন্দ মিত্র | ✸ শ্রী অরুপ কুমার ঘোষ |
| ✸ শ্রীমতী অন্তরা মজুমদার | ✸ শ্রীমতী সুতপা ব্যানার্জী |
| ✸ শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক | ✸ শ্রী সুকুমার মন্ডল |

মধ্যমগ্রাম পৌরসভা ★ উত্তর ২৪পরগনা মধ্যমগ্রাম ★

অন্যান্য উপস্থিতিঃ শ্রী রাজেন্দ্র নাথ মাহাতা - নির্বাহী আধিকারিক
শ্রী প্রসুন ঘোষ - অর্থ আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে বিরোধী দলনেতা শ্রী অলোক সাহা মহাশয় বলেন গত সভায় হলের সামনের যানজট নিয়ে বলেছিলাম। আপনি দ্রুত প্রতিকারের ব্যবস্থা নেওয়ায় প্রথমেই ধন্যবাদ জানাচ্ছি। এবারে বলি নজরুল শতবার্ষিকী সদনের বেশ কিছু চেয়ার ভাঙ্গা, মহিলাদের জন্য বাথরুমের ছিটকিনি নেই। জল সবসময় থাকে না। সাউন্ড সিস্টেম আগের মতো নেই। শিল্পীরা বলেন এই হলটা আমাদের গর্বের। এছাড়াও চিত্রাঙ্গদার ৪০ -৫০ টা চেয়ার ভাঙ্গা। বাথরুমের জল ঠিকমতো বার হয় না। সমগ্র বিষয়টা গুরুত্ব সহকারে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন বিষয়গুলি উত্থাপন করার জন্য আপনাকে ধন্যবাদ। AE মারফৎ তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে জানান।

শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক বলেন বিপিন বিহারী স্কুল হতে ঝিলপাড় পর্যন্ত Mastic রাস্তার Work Order হয়ে গেছে। Contractor কাজ শুরু করে নি। ফোন করলে ধরে না। ৩ -৪ টি ওয়ার্ডের মানুষ এই রাস্তা দিয়ে চলাচল করে। Ballast ফেলে রেখেছে। ধুলো উড়ছে। Contractor এর কোন দায়িত্ব নেই। লোকমুখে শুনেছি Contractor বলে বেড়াচ্ছে কাজ করে টাকা পাচ্ছি না। কিভাবে করবো। বিষয়টি দেখার জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় Contractor এর নাম জানতে চান। আরো বলেন আমি কয়েকদিন আগে গেছিলাম ঐ রাস্তা দিয়ে তখন কাজ করছিলো। তবু আপনি বললেন আমি সংশ্লিষ্ট Engineer কে বলবো তার সাথে কথা বলতে যাতে দ্রুত কাজ শেষ করা হয়।

শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক বলেন Contractor এর নাম আমিরুল ইসলাম।

শ্রীমতী বৈশালী ব্যানার্জী বলেন সোদপুর রোড বেশ খারাপ। মাঝেমধ্যেই Accident হচ্ছে। বাদামতলা এবং আরতী সিনেমা হলের সামনে যানজট দেখার জন্য Traffic ছিলো। এখন দেখা যায় না। রাস্তা পারাপার করা বেশ ঝুঁকিপূর্ন হচ্ছে। বিষয় টা সমাধানের জন্য পৌরপ্রধানের দৃষ্টি আকর্ষন করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন সোদপুর রোড PWD দপ্তরের। Repairing শুরু হয়েছে। দ্রুত শেষ করার জন্য Executive Engineer Barrackpore Division কে বলবো। Traffic এর O.C. কে বলবো আরতী হলের সামনে Traffic এর বন্দোবস্ত করার জন্য।

শ্রীমতী অন্তরা মজুমদার বলেন নতুন রাস্তা করার পর জলের লাইনের ফেরুল পরিষ্কারের জন্য রাস্তা কাটতে হচ্ছে। PIT করার জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন PIT কেউ করতে চাইলে করতেই পারেন। না করলে দপ্তরকে বলবো restoration করতে।

শ্রী অরবিন্দ মিত্র বলেন PIT করলে প্রতি রাস্তাতেই অল্প ব্যবধানে প্রচুর PIT তৈরী হবে। এটা বাস্তব সম্মত নয় বলে মনে করেন।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বিগত সভার (৭০নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্থিত সকল সদস্য কোনো প্রকার আপত্তি বা মতামত না জানানোয় বিগত সভার (৭০নং) কার্য্যবিবরনী সম্পূর্ন অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) PWD সংক্রান্ত কজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন APAS এর ৫৫২ টি কাজের মধ্যে ৫৪২ টি র vetting হয়েছে। ১৯টি কাজের work order দেওয়া হয়েছে। Financial Bid খোলা হচ্ছে। নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করা যাবে বলে আশাপ্রকাশ করেন।

শ্রী অরূপ কুমার ঘোষ কতগুলি কাজের অর্থনৈতিক অনুমোদন এসেছে এবং কতগুলি কাজের Work Order ready হয়েছে তা জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন Process Complete হলে অর্থনৈতিক অনুমোদন আসবে। HCM এর কাজের অর্থনৈতিক অনুমোদন আছে। পথশ্রীর কাজের Tender হয়ে গেছে। দ্রুততার সাথে কাজ শুরু হবে। APAS এর কাজের শুরুর সময় কাজের জায়গায় ২টি করে ব্যানার লাগাতে হবে।

ট্যাবলো বার করতে হবে। এলাকার নাগরিকদের নিয়ে সভা করতে হবে। HCM/APAS/পথশ্রী এবং ADP 25-26 এর কাজের পর আর কোন কোন কাজ বাকী থাকবে বলে মনে হয় না। ১৪ টি কাজের NIT তহবিল সহ অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত NIT গুলি তহবিল সহ অনুমোদিত হলঃ-

(1) WBMAD/MM/EL/NIT-02e/2025-26 dt.15.12.25, Sl. No. : 1 to 13, Amount : 1376879.00, Fund : APAS

(2) WBMAD/MM/EL/NIT-03e/2025-26 dt.15.12.25, Sl. No. : 1 to 14, Amount : 3286084.00, Fund : Budgetary Allocation

(3) WBMAD/MM/NIT-50e/2025-26 dt. 16.12.25, Sl. No. : 1 to 5, Amount : 654825.00, Fund : Budgetary Allocation

(4) WBMAD/MM/NIT-51e/2025-26 dt. 16.12.25, Sl. No. : 1 to 2, Amount : 147661.00, Fund : Budgetary Allocation

(5) WBMAD/MM/NIT-52e/2025-26 dt. 16.12.25, Sl. No. : 1, Amount : 57913.00, Fund : Budgetary Allocation

(6) WBMAD/MM/NIT-53e/2025-26 dt. 16.12.25, Sl. No. : 1 to 3, Amount : 1263596.00, Fund : Budgetary Allocation

(7) WBMAD/MM/NIT-54e/2025-26 dt. 16.12.25, Sl. No. : 1 to 10, Amount : 1899631.00, Fund : APAS

(8) WBMAD/MM/NIT-55e/2025-26 dt. 16.12.25, Sl. No. : 1 to 4, Amount : 859426.00, Fund : APAS

(9) WBMAD/MM/WS/NIT-20e/2025-26 dt. 15.12.25, Sl. No. : 1 to 5, Amount : 530951.00, Fund : APAS

(10) WBMAD/MM/WS/NIT-21e/2025-26 dt. 15.12.25, Sl. No. : 1 to 3, Amount : 1147556.00, Fund : APAS

(11) WBMAD/MM/WS/NIT-22e/2025-26 dt. 15.12.25, Sl. No. : 1 to 3, Amount : 228660.00, Fund : APAS

(12) WBMAD/MM/WS/NIT-23e/2025-26 dt. 15.12.25, Sl. No. : 1, Amount : 96498.00, Fund : Budgetary Allocation

(13) WBMAD/MM/WS/NIT-24e/2025-26 dt. 15.12.25, Sl. No. : 1, Amount : 117728.00, Fund : Budgetary Allocation

(14) WBMAD/MM/NIT-54e/2025-26 dt. 24.12.25, Sl. No. : 1 to 13, Amount : 2006545.00, Fund : APAS

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন Treatment Plant এর কিছু কাজের জন্য পানীয় জলের সমস্যা হতে পারে বলে জানিয়েছিলাম। Pump গুলি চালু রাখার জন্য সমস্যা হয় নি।

শ্রীমতী বৈশালী ব্যানার্জী বলেন তাঁর কাছে সপ্তাহে ৪ - ৫ দিন নাগরিকদের থেকে ফোন আসে। সকালে ৮টার পর জল স্বাভাবিক হয়। দুপুরের বেলা ১টা বাজার আগে জল চলে যায়। বিকালে অধিকাংশ দিন জল আসে না।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন Operator ঠিকমতো Pump চালায় কিনা তা জানতে হবে। একটা ফেরুল Wash করে দেখতে হবে তারপর বোঝা যাবে সমস্যা কি। পানীয় জল এবং আলো সম্পর্কিত কতকগুলি কাজের NIT তহবিল সহ অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

(i) সভায় নিম্নলিখিত NIT গুলি তহবিল সহ অনুমোদিত হলঃ-

(1) WBMAD/MM/WS/NIT - 13e/ 2025 - 2026, Sl No. 1, dt. 23/09/2025,
Amount : Rs. 2240458.00

(2) WBMAD/MM/WS/NIT - 13e/ 2025 - 2026, Sl No. 2, dt. 23/09/2025,
Amount : Rs. 1486239.00

(3) WBMAD/MM/WS/NIT - 14e/ 2025 - 2026, Sl No. 1, dt. 23/09/2025,
Amount : Rs. 1701697.00

(4) WBMAD/MM/WS/NIT - 14e/ 2025 - 2026, Sl No. 2, dt. 23/09/2025,
Amount : Rs. 1477787.00

(5) WBMAD/MM/WS/NIT - 15e/ 2025 - 2026, Sl No. 1, dt. 23/09/2025,
Amount : Rs. 1693988.00

(6) WBMAD/MM/WS/NIT - 15e/ 2025 - 2026, Sl No. 2, dt. 23/09/2025,

Amount : Rs. 594025.00

(7) WBMAD/MM/WS/NIT - 16e/ 2025 - 2026, Sl No. 1, dt. 23/09/2025,

Amount : Rs. 728657.00

(8) WBMAD/MM/WS/NIT - 16e/ 2025 - 2026, Sl No. 2, dt. 23/09/2025,

Amount : Rs. 507791.00

(9) WBMAD/MM/WS/NIT - 17e/ 2025 - 2026, Sl No. 1, dt. 23/09/2025,

Amount : Rs. 1296000.00

(10) WBMAD/MM/WS/NIT - 17e/ 2025 - 2026, Sl No. 2, dt. 23/09/2025,

Amount : Rs. 206593.00

(11) WBMAD/MM/WS/NIT - 17e/ 2025 - 2026, Sl No. 3, dt. 23/09/2025,

Amount : Rs. 380383.00

(12) WBMAD/MM/WS/NIT - 18e/ 2025 - 2026, Sl No. 1, dt. 23/09/2025,

Amount : Rs. 1185036.00

(13) WBMAD/MM/WS/NIT - 18e/ 2025 - 2026, Sl No. 2, dt. 23/09/2025,

Amount : Rs. 1602383.00

(14) WBMAD/MM/WS/NIT - 19e/ 2025 - 2026, Sl No. 1, dt. 23/09/2025,

Amount : Rs. 1530967.00

(15) WBMAD/MM/WS/NIT - 19e/ 2025 - 2026, Sl No. 2, dt. 23/09/2025,

Amount : Rs. 1530967.00

(ii) মধ্যমগ্রাম পৌরসভার অন্তর্গত সারদা হোস্টেল লিফট, অফিস লিফট, গুডস লিফট ও নজরুল শতাবার্ষিকী সদনে ক্যাপসুল লিফট, N.S.C. Hospital লিফট ও Electrical maintenance of Municipal Office , Tagore Culture & 4 nos. Gear, 4 nos. Transformer and 4 nos. panel box ও যশোর

রোডে ডিভাইডার ১৬০ ওয়াট LED street light রক্ষনাবেক্ষণের জন্য পূর্বতন Company -র সুনামের ভিত্তিতে পূর্ব নির্দ্ধারিত মূল্যে একই শর্তে ঠিকাদারদের লিখিত অনুরোধে যথাক্রমে নিম্নলিখিত Work Order গুলি অনুমোদিত হলো, যা পরবর্তী বছরের অনুমোদিত ফান্ড থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

(i) MM/Chair/EL/WO/1701/25-26, dt. 25.08.2025, Amount : Rs. 94400.00

(ii) MM/Chair/EL/WO/1702/25-26, dt. 25.08.2025, Amount : Rs. 59000.00

(iii) MM/Chair/EL/WO/2113/25-26, dt. 24.09.2025, Amount : Rs.458992.00

(iv) MM/Chair/EL/WO/2117/25-26, dt. 24.09.2025, Amount : Rs. 423685.00

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

পৌরপারিষদ সদস্য জনাব নজরুল ইসলাম মহাশয় বলেন কঠিন বর্জ্য ব্যবস্থাপনার কাজে দুটি ওয়ার্ডে GPS Tracking মাধ্যমে বর্জ্য সংগ্রহ করা হবে।সারা রাজ্যে প্রত্যেকটি পৌরসভাতে আপাতত দুটি করে ওয়ার্ডে Pilot Project হিসাবে করা হবে বলে SUDA হতে জানা গেছে। এজন্য আমাদের পৌরসভাতে ১৯ এবং ২৩ নং ওয়ার্ডে প্রাথমিক পর্যায়ে করা হবে। প্রতি বাড়িতে একটি করে QR Code লাগানো হবে। একাজে কাউন্সিলরদের সহযোগিতা প্রয়োজন। নাগরিকদের বোঝানোর জন্য মাইক প্রচার করা হবে বলে জানান। SUDA হতে একটি APP দিয়ে দেবে। উক্ত APP টি ব্যবহার করে কাজ করা হবে বলে জানান।

শ্রী অরূপ ঘোষ বলেন স্বাস্থ্যকর্মী যারা FTS তারা একটি চিঠি আপনাকে দিয়েছে। আমাকেও দিয়েছে। তাদের মাহিনা সংক্রান্ত বিষয়ে কিছু দাবী আছে। বিষয়টি সম্বন্ধে পৌরপ্রধানের বক্তব্য জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন চিঠি পেয়েছি। আশা কর্মীদের মতো এরা Incentive / Honorarium পায় না। তারা যাতে পায় সেজন্য আবেদন করেছে। আমি এ ব্যাপারে SUDA -র Director এর সাথে কথা বলেছি। তিনি বলেছেন প্রস্তাব পাঠিয়েছেন। অর্থ দপ্তরে ফাইলটি আছে বলে জানান।

সভায় সিদ্ধান্ত হয় ১৯ ও ২৩ নং ওয়ার্ডে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার কাজ App মাধ্যমে GPS Tracking করে বর্জ্য সংগ্রহ করা হবে।

(৫) নামজারিকরনের অনুমোদনঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত ৫২৩ টি নামজারিকরনের আবেদনপত্র অনুমোদিত হল।

(৬) বিবিধঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) BPL পরিবারভুক্ত মৃত ব্যক্তির পরিবারের পক্ষ থেকে National Family Benefit Scheme (NFBS) প্রকল্পে এককালীন অনুদানের জন্য যে দুইটি আবেদনপত্র (আবেদনকারী শ্রী স্বপন বক্সী ও শ্রীমতী নীতু গাঙ্গুলি) জমা হয়েছে তা অনুমোদিত হল এবং উক্ত আবেদনপত্র দুইটি মাননীয় জেলাশাসক উত্তর ২৪ পরগনা এবং SUDA র কাছে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হল।

(২) পৌরসভার স্বাস্থ্য পরিষেবার কাজে একজন PTMO নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হল। SUDA কর্তৃক নির্দেশিত পদ্ধতি মেনেই নিয়োগ করা হবে। খবরের কাগজ, Website এ বিজ্ঞাপন দেওয়া হবে।

(৩) আগামী ২১ ও ২২শে জানুয়ারী ২০২৬ পৌরসভার পরিচালনায় নজরুল শতবার্ষিকী সদনে নাট্য উৎসব অনুষ্ঠিত হবে। প্রয়োজনীয় ব্যয় পৌরতহবিল হতে করা হবে।

(৪) মধ্যমগ্রাম পৌরএলাকায় দুর্গাপূজা ও কালীপূজা উপলক্ষে মধ্যমগ্রাম থানার বিচারে যাদের পুরস্কৃত করা হয়েছে গত ২৯.১২.২০২৫ তারিখে তার ব্যয় পৌরতহবিল হতে করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৫) Property Tax আদায়ের লক্ষে প্রত্যেক কাউন্সিলরকে তাদের নিজ নিজ ওয়ার্ডের Big Holding এর Tax যাতে জমা হয় সে ব্যাপারে সংশ্লিষ্ট কাউন্সিলরদের প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে।

(৬) পৌরসভায় কর্মরত যে সকল অস্থায়ী কর্মীরা EPF এর আওতাধীন তাদের ESI প্রকল্পে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হল।

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

ধন্যবাদান্তে,

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ________________________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং __________
এর নিকট প্রেরিত হল।

Executive Officer
Madhyamgram Municipality
North 24 Parganas